অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল কিংস্টনে বয়স্কদের জন্য 25 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী আবাসন ডেভেলপমেন্টের কাজ শেষ হওয়ার ঘোষণা দিলেন

ল্যান্ডমার্ক প্লেস পূর্বে গৃহহীন থাকা গৃহস্থালির জন্য অনসাইট সমর্থক সেবাসহ বয়স্কদের জন্য 66টি সাশ্রয়ী বাসা তৈরি করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ল্যান্ডমার্ক প্লেসের (Landmark Place) শুভ উদ্বোধন ঘোষণা করলেন, এটি আলস্টার কাউন্টির কিংস্টন শহরে একটি 25 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী আবাসন ক্যাম্পাস। ডেভেলপমেন্টে রয়েছে 55 বা তার বেশি বয়সী বয়স্কদের জন্য 66টি নতুন সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট, যার মধ্যে 35টি বাসা সংরক্ষিত থাকবে সেই বয়স্ক মানুষদের জন্য যাদের স্বাধীনভাবে বাঁচতে সমর্থক সেবা প্রয়োজন।

"নিউ ইয়র্কের বয়স্কদের জন্য তাদের নিজেদের এলাকায় নিরাপদ, সাশ্রয়ী ও সমর্থক বাসা পাওয়া তাদের প্রাপ্য," **গভর্নর হোকল বলেন।** "আমার প্রশাসন আবাসনের বর্ধিষ্ণু ব্যয় সমাধানে নিবেদিত আছে সিদ্ধান্তমূলক পদক্ষেপ এবং অতিরিক্ত সংস্থান নিয়ে, বিশেষ করে আমাদের সর্বাধিক দুঃস্থ নিউ ইয়র্কবাসীদের জন্য। ল্যান্ডমার্ক প্লেসের মতো ডেভেলপমেন্টগুলি সাশ্রয়ী বাসা ,বাসিন্দাদের সুস্থ থাকার প্রচার করছে এবং ভবিষ্যতের জন্য আমাদের সম্প্রদায়সমূহকে জোরদার করছে।"

ল্যান্ডমার্ক প্লেসের শেষ হওয়া নিউ ইয়র্ক স্টেটজুড়ে আবাসনকে আরো সাশ্রয়ী, ন্যায্য ও স্থিতিশীল করতে গভর্নর হোকলের পরিকল্পনার সম্পূরক। 2023 আর্থিক বছরে স্টেট বাজেটে গভর্নর 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা উপস্থাপন এবং সফলভাবে প্রণয়ন করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

ল্যান্ডমার্ক প্লেসে রয়েছে একটি ঐতিহাসিক ভবনকে 34টি স্টুডিও অ্যাপার্টমেন্টে রূপান্তর করা, যেটিকে এখন ল্যান্ডমার্ক ওয়েস্ট (Landmark West) ডাকা হচ্ছে, এবং একটি নতুনভাবে নির্মিত চারতলা ভবন যেখানে 32টি এক শয়নকক্ষের অ্যাপার্টমেন্ট রয়েছে, যার নাম ল্যান্ডমার্ক ইস্ট (Landmark East)।

14-একরের সাইটটির অবস্থান কিংস্টনের 300 ফ্ল্যাটবুশ অ্যাভিনিউতে যা দীর্ঘদিন ঐতিহাসিক কিংস্টন অ্যামহাউজের (Kingston Almshouse) বাড়ি ছিলো। 1874 সালে কাজ শেষ হওয়া কিংস্টন অ্যামহাউজ 1940-র দশকে বন্ধ হয়ে যাওয়ার আগ পর্যন্ত আবাসন ও এর বাসিন্দাদের সীমিত চিকিৎসা সেবা প্রদান করতো। প্রায় এক দশক পর, আলস্টার কাউন্টি খালি ভবনটি অধিগ্রহণ করে এবং এটিকে পুনর্বাসিত করে আলস্টার কাউন্টি ক্রনিক ইনফার্মারি (Ulster County Chronic Infirmary) হিসেবে ব্যবহার করে, এবং পরবর্তীতে আলস্টার কাউন্টি স্বাস্থ্য ডিপার্টমেন্টের (Ulster County Health Department) অফিস হিসেবে ব্যবহার করে। ভবনটি 2014 সাল থেকে খালি পড়ে আছে।

66টি অ্যাপার্টমেন্টের সবগুলি বয়স্ক গৃহস্থালির ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে যাদের উপার্জন এলাকার মধ্যম আয়ের (Area Median Income, AMI) 60 শতাংশ বা তার কম। পঁয়ত্রিশটি অ্যাপার্টমেন্ট পৃথক রাখা হয়েছে সমর্থক সেবার প্রয়োজন আছে এমন বাসিন্দাদের জন্য, যাদের মধ্যে প্রতিবন্ধী ভেটেরান অন্তর্ভুক্ত। এইসব বাসিন্দাদের ভাড়া ভর্তুকি পাওয়ার এবং এম্পায়ার স্টেটের সমর্থক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) অর্থায়িত এবং NYS টেম্পোরারি ও ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিসের (NYS Office of Temporary and Disability Assistance) পরিচালিত অনেক ধরনের অনসাইট সেবা পাওয়ার সুযোগ থাকবে।

সেবার মধ্যে রয়েছে স্ব-অ্যাডভোকেসি সমর্থন, একজন অনসাইট লাইসেন্সধারী প্র্যাকটিক্যাল নার্সের দ্বারা (Licensed Practical Nurse) চিকিৎসা ব্যবস্থাপনা এবং প্রশিক্ষণ, দৈনন্দিন জীবনযাপনের প্রশিক্ষণ, দক্ষতা বিকাশের সমর্থন এবং সামাজিক হওয়ার কর্মকাণ্ড।

ল্যান্ডমার্ক প্লেসটি নির্মাণ করেছে RUPCO, যারা সম্পত্তির ব্যবস্থাপক এবং সেবাদানকারী হিসেবেও কাজ করবে।

আবাসিক সুযোগ সুবিধার মধ্যে থাকবে 24/7 ফ্রন্ট ডেস্ক কর্মী, অনসাইট লন্ড্রি, অনসাইট সুপারিন্টেন্ডেন্ট, বাগানের স্থান, গণপরিবহন রুটের নৈকট্য, এবং চালকসহ ইন-হাউজ পরিবহন যাতে চিকিৎসা ও বেনিফিট সেবার জন্য বাসিন্দাদের প্রধান প্রধান স্থানীয় সেবা পয়েন্টে যাতায়াতে সাহায্য করা যায়।

ল্যান্ডমার্ক প্লেসের জন্য স্টেটের তহবিলের মধ্যে রয়েছে 2.4 মিলিয়ন মার্কিন ডলার স্থায়ী কর-মওকুফ বন্ড, ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Federal Low-Income Housing Tax Credits) যা 8.5 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি সৃষ্টি করে এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) থেকে 9.5 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। NYS পার্কস, রিক্রিয়েশন, এবং হিস্টোরিক প্রিজার্ভেশন অফিস (NYS Office of Parks, Recreation, and Historic Preservation) ফেডারেল ও স্টেটের ঐতিহাসিক কর ক্রেডিটের অনুমোদন দিয়েছে যা 1.5 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি সৃষ্টি করেছে। নিউ ইয়র্ক স্টেটের ফেডারেল হোম লোন ব্যাংক (New York State Federal Home Loan Bank) 1.3 মিলিয়ন মার্কিন ডলার অনুদান এবং TD ব্যাংক (TD Bank) একটি 125,000 মার্কিন ডলারের অনুদান

প্রদান করেছে।অতিরিক্ত অর্থায়ন অংশীদারদের মধ্যে রয়েছে জাতীয় ইকুাইটি তহবিল (National Equity Fund)।

হোমস ও কমিউনিটি রিনিউয়াল ডিভিশনের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "আমরা RUPCO-র সাথে এবং আমাদের মতো স্টেট এজেন্সিসমূহের সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত যার দ্বারা আমরা কিংস্টন অ্যামসহাউজে এমনভাবে নতুন জীবন আনতে পেরেছি যা ভবনটির জনসেবার দীর্ঘ লিগেসিকে সম্মান জানায়। বয়স্ক ও ভেটেরানদের জন্য 66টি সাশ্রয়ী বাসা নিয়ে, যার মধ্যে 35টিতে সমর্থক সেবা রয়েছে, নতুন এই ডেভেলপমেন্টটি নিউ ইয়র্কবাসীদের জন্য একটি আরামদায়ক ও সবার সাথে একত্রে থাকার পরিবেশে মর্যাদা নিয়ে শেষ জীবন কাটানোর একটি শান্তির স্থান হয়ে উঠবে। গভর্নর হোকলের নতুন পাঁচ বছরের আবাসন পরিকল্পনার অধীনে, আমরা পূর্বের যেকোনো সময়ের থেকে বেশি সংস্থানের প্রতিশ্রুতি নিচ্ছি যাতে মধ্য-হাডসন এলাকা এবং এর বাইরেও বয়স্কদের জন্য সাশ্রয়ী আবাসনের সুযোগ সম্প্রসারিত ও সুরক্ষিত করতে পারি।"

নিউ ইয়র্ক স্টেটের টেম্পোরারি ও ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিসের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ টিয়েটজ বলেন, "সমর্থক আবাসন পুরো স্টেটে গৃহহীনতা সমাধানে আমাদের চলমান প্রচেষ্টার জন্য অপরিহার্য, এবং পূর্বে গৃহহীন থাকা ব্যক্তি ও পরিবারের জন্য সাশ্রয়ী, স্থায়ী আবাসন প্রদান করার একটি কেন্দ্রীয় উপাদান। সাশ্রয়ী আবাসন এবং ল্যান্ডমার্ক প্লেসের অনসাইটে উপলভ্য বিভিন্ন সমর্থক সেবা আলস্টার কাউন্টির বয়স্কদের স্বাধীনভাবে বাঁচতে ও সমৃদ্ধি করতে দিবে।"

নিউ ইয়র্ক স্টেটের এজিং অফিসের (New York State Office for the Aging) ভারপ্রাপ্ত পরিচালক গ্রেগ ওলসেন বলেন, "আজ শুভ উদ্বোধন প্রদর্শন করে বয়সবান্ধব নীতির প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতি যা সার্বিকভাবে নিউ ইয়র্ক স্টেটজুড়ে বয়স্ক মানুষদের আবাসন, সামাজিক এবং সম্প্রদায়ে সমর্থনের চাহিদা মেটায়। এমন মডেল আবাসনের সাশ্রয়ী হওয়াতে সাহায্য করে এবং একইসাথে বয়স্কদের বয়স বৃদ্ধির সাথে সাথে নিজেদের বাড়িতে থাকতে সাহায্য করার জন্য প্রয়োজনীয় সংস্থান প্রদান করে।"

পার্কস, রিক্রিয়েশন এবং হিস্টোরিক প্রিজার্ভেশন অফিসের কমিশনার এরিক কুলেসিড বলেন, "ল্যান্ডমার্ক প্লেস নাগরিক সংস্থানের মূল্য উপলব্ধি করার এবং একটি সম্প্রদায়ে রূপান্তরমূলক প্রভাব আনতে একত্রে কাজ করার একটি দারুণ উদাহরণ। ফেডারেল ও স্টেটের ঐতিহাসিক কর ক্রেডিটকে তাদের প্রকল্পের একটি অংশ হিসেবে ব্যবহার করে এবং কিংস্টন সিটির একটি পূর্বে পরিত্যক্ত ভবনের সংস্কার করে, RUPCO সকল পর্যায়ের আয়ের মানুষকে মানসম্পন্ন আবাসনের সুযোগ প্রদানে তাদের প্রতিশ্রুতি প্রদর্শন করেছে এবং এটি ভবিষ্যতের প্রকল্পসমূহের জন্য একটি মডেল প্রদান করে। আমরা এমন প্রচেষ্টার অংশ হতে পেরে খুশি।"

সিনেটর চাক শুমার বলেন, "কিংস্টনের প্রত্যেক বাসিন্দার নিরাপদ সাশ্রয়ী আবাসন পাওয়ার সুযোগ প্রাপ্য, এবং আমি গর্বিত যে ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট, যা সম্প্রসারিত করার জন্য আমি জোর লড়াই করেছি, তা আমাদের বয়স্কদের জন্য এইসব কয়েক ডজন নতুন সাশ্রয়ী আবাসন গঠনে প্রয়োজনীয় মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। আমি

ল্যান্ডমার্ক প্লেসের কাজ শেষ হওয়ার জন্য গভর্নর হোকল এবং RUPCO-র প্রশংসা করছি, এবং হাডসন ভ্যালিতে একটি উজ্জ্বলতর ও আরো ন্যায্য ভবিষ্যতের ভিত্তি স্থাপন করার জন্য প্রয়োজনীয় ফেডারেল সমর্থনের প্রতিটি মার্কিন ডলারের জন্য লড়াই করে যাবো।"

স্টেটের সিনেটর মিশেল হিঙ্কি বলেন, "যেহেতু আমরা আলস্টার কাউন্টির আবাসন সঙ্কট সমাধানে দীর্ঘমেয়াদি সমাধানের জন্য কাজ করছি, তখন আমাদের সম্প্রদায়ের যেই সদস্যদের সবথেকে বেশি প্রয়োজন তাদের জন্য স্থিতিশীল আবাসন তৈরি করা এবং একই সাথে প্রায়শই আবাসন অস্থিতিশীলতার কারণ হয়ে উঠে যেই অন্তর্নিহিত সমস্যাগুলি, তার সমাধানে সমর্থক সেবা প্রদান করা আবশ্যক। ল্যান্ডমার্ক প্লেস নকশা করা হয়েছে ঠিক তাই করার জন্য, RUPCO-তে আমাদের অংশীদারদের সাতে মিলে এটি নিশ্চিত করা হয়েছে যাতে আমরা আমাদের প্রতিবেশীদের তাদের নিজেদের সম্প্রদায়ে নিরাপদে শেকড় গাড়তে দিতে পারি। আমি আমাদের বার্ষিক স্টেট বাজেটের মাধ্যমে এই প্রকল্পটিকে সমর্থন করতে পেরে গর্বিত হয়েছি এবং আমার এর সম্প্রদায়সমূহে আরো স্থায়ী আবাসনের জন্য প্রয়োজনীয় স্টেট বিনিয়োগ আনতে লড়াই চালিয়ে যাবো।"

আলস্টার কাউন্টির ভারপ্রাপ্ত নির্বাহী জোহানা কন্ট্রেরাস বলেন, "1800 শতাব্দীর শেষের দিক থেকে, ল্যান্ডমার্ক প্লেসের সাইটটি সম্প্রদায়ের জন্য যত্নের একটি স্থান হয়ে আছে। আমরা গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেট, জাতীয় ইক্যুইটি তহবিল, এবং RUPCO-কে ধন্যবাদ জানাচ্ছি আমাদের সম্প্রদায়ে সংস্থান প্রদান এবং সাইটটির পুনঃকল্পনা করার জন্য। এইসব নতুন ইউনিটগুলি ও তাদের সুযোগ সুবিধা আগামী অনেক দশকের জন্য দুঃস্থ বয়স্কদের জীবনে একটি ইতিবাচক প্রভাব ফেলবে।"

কিংস্টনের মেয়র স্টিভ নোবেল বলেন, "আমি ল্যান্ডমার্ক প্লেসের শুভ উদ্বোধন দেখে অত্যন্ত খুশি। ল্যান্ডমার্ক প্লেসের মতো অগ্রগামী চিন্তার প্রকল্পসমূহ সম্প্রদায়ের অনেককে সাহায্য করে, এবং আমরা কৃতজ্ঞ যে এই ডেভেলপমেন্টটি সেখানে হয়েছে যেখানে এর সবথেকে প্রয়োজন ছিলো। একটি স্থাপত্য রত্নের অভিযোজিত পুনর্ব্যবহার, বয়স্ক ও ভেটেরানদের জন্য সমর্থক আবাসন, এবং আমাদের অতি কম আবাসন মজুদে অতিরিক্ত সাশ্রয়ী ভাড়ার ইউনিট যোগ করা - এই প্রকল্পটি কিংস্টন শহরের সাধারণ লক্ষ্যের অনেকগুলিকে সমর্থন করে। আমরা গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল, এবং RUPCO-তে আমাদের অংশীদারদের ধন্যবাদ জানাচ্ছি, আমাদের সম্প্রদায়ের সকলের জন্য নিরাপদ আবাসন প্রদানের কাজে আমাদেরকে সাহায্য করার জন্য।"

RUPCO-র প্রধান নির্বাহী কর্মকর্তা কেভিন ও'কনর বলেন, "ল্যান্ডমার্ক প্লেস RUPCO-র আমাদের সর্বাধিক দুঃস্থ মানুষের জন্য সমর্থক আবাসন প্রদানের কাজের সাথে আমাদের ঐতিহাসিক ভবনের অভিযোজিত পুনর্ব্যবহার ও নতুন উদ্ভাবনী ভবন নির্মাণ উভয়ের সক্ষমতাকে একত্রিত করে। আরেকবার, আমরা প্রায় 150 বছর পূর্বে নির্মিত গরিবদের জন্য একটি ক্যাম্পাস নিয়েছি এবং নিশ্চিত করেছি যাতে এই ল্যান্ডমার্ক ক্যাম্পাস দ্বাবিংশ শতাব্দী পর্যন্ত সাশ্রয়ী ও সমর্থক আবাসন প্রদান করে যেতে পারে!"

জাতীয় ইক্যুইটি তহবিলের ব্যবস্থাপনা পরিচালক এমিলি চেন বলেন, "জাতীয় ইক্যুইটি তহবিলে আমরা উদ্ভাবনী, সহযোগিতামূলক আর্থিক সমাধান প্রদানের কাজ করি যা সাশ্রয়ী ও সমর্থক আবাসনের গঠন ও সংরক্ষণ সম্প্রসারণ করে। আমরা RUPCO-তে আমাদের অংশীদারদের দ্বারা এবং দুঃস্থ জনগোষ্ঠীকে সমর্থন ও সম্প্রদায়ের উন্নয়নে তাদের নিবেদন দ্বারা অনুপ্রাণিত হয়েছি। ল্যান্ডমার্ক প্লেস একটি সৃজনশীল অনন্য ডেভেলপমেন্ট যা ঐতিহাসিক সংরক্ষণকে নতুন নির্মাণের সাথে মিশ্রিত করে সম্প্রদায়ের যা প্রয়োজন ঠিক তাই প্রদান করে।"

TD ব্যাংকের কমিউনিটি ক্যাপিটাল গ্রুপের (Community Capital Group) প্রধান, কিথ নিসবেট বলেন, "TD ব্যাংক সম্প্রদায়ের বয়স্কদের নিজের বাসা বলার মতো একটি নিরাপদ স্থান প্রদান করতে RUPCO-র সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত। TD ব্যাংক সাশ্রয়ী আবাসনের বর্ধিষ্ণু সমস্যা সমাধানে সহযোগিতার সুযোগ খুঁজছে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418